# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২৩১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্বিয়ামুল লায়ল-এর প্রতি উৎসাহ দান

### আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قِيلَ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الدُّعَاءِ أَسْمَعُ؟ قَالَ: «جَوْفُ اللَّيْلِ الآخر ودبر الصَّلَوَات المكتوبات» . رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

১২৩১-[১৩] আবূ উমামাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, প্রশ্ন করা হলো, হে আল্লাহর রসূল! কোন্ সময়ের দু’আ আল্লাহর নিকট বেশী কবূল হয়। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মাঝরাতের শেষ ভাগের দু’আ। আর ফরয সালাতের পরের দু’আ। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] হাসান : আত্ তিরমিযী ৩৪৯৯, আল কালিমুত্ব ত্বইয়্যিব ১১৪, সহীহ আত্ তারগীব ১৬৪৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন্ দু‘আ অধিক শোনা হয়? এর অর্থ হলো আল্লাহ কবূল করার জন্য অধিক শুনে থাকেন কোন্ সময়ের দু‘আ? এরই উত্তর হলো ‘মধ্যরাত’ বা শেষ রাতের দু‘আ। ইমাম খাত্ত্বাবী বলেন, এর অর্থ হলো রাতের শেষ তৃতীয়াংশের দু‘আ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55791

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন